



র্যাবের নতুন মহাপরিচালক হলেন আহসান হাবীব পলাশ



র্যাবের নতুন মহাপরিচালক আহসান হাবীব পলাশ। ছবি: সংগৃহীত

র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র্যাব) নতুন মহাপরিচালক হিসেবে দায়িত্ব পেয়েছেন চট্টগ্রাম রেঞ্জের উপপুলিশ মহাপরিদর্শক (ডিআইজি) মো. আহসান হাবীব পলাশ। সোমবার (১৬ মার্চ) রাষ্ট্রপতির আদেশে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়। প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন উপসচিব তৌছিফ আহমেদ।

নতুন দায়িত্বে তিনি বিদায়ী মহাপরিচালক এ কে এম শহিদুর রহমানের স্থলাভিষিক্ত হয়েছেন। জনস্বার্থে জারি করা এই আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA